গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

স্মারক নং: ১২.০২.০০০০.০১২.০৬.০০১.১৭- ৪৬০ তারিখঃ ০৯-০১-২০১৮

**বিষয়ঃ কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০১৭-১৮ অর্থ বছরের এডিপিতে অর্ন্তভূক্ত প্রকল্প/কর্মসূচী সমূহের উপর গত ২৮-১২-২০১৭ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ( নভেম্বর/২০১৭ পর্যন্ত) সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২৮-১২-২০১৭ তারিখে কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০১৭-১৮ অর্থ বছরের এডিপিভূক্ত প্রকল্প এবং রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতির (নভেম্বর/২০১৭ পর্যন্ত) উপর পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

২। কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন জানুয়ারি, ২০১৮ মাসের এডিপি সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য এবং বিশেষ কোন আলোচ্যসূচীর প্রস্তাব থাকলে তা আগামি ২০-০১-২০১৮ তারিখের মধ্যে অধিদপ্তরে হার্ড কপি ও সফট কপি (ই-মেইলেঃ neenashahnaz@gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ০৪ (চার) পাতা।

(শাহনাজ বেগম নীনা)
উপ-পরিচালক (পিপি)
ফোনঃ ৯১৪০৯৯৫
e-mail: neenashahnaz@gmail.com

**কার্যার্থে অনুলিপিঃ (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।**

০১। উপ-পরিচালক (বাজার সংযোগ), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
০২। উপ-পরিচালক (গবেষণা), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
০৩। উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা/রাজশাহী/খুলনা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রংপুর বিভাগ।
০৪। প্রকল্প পরিচালক, সমাপ্ত পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প (বিপণন অংগ), বাগেরহাট।
০৫। প্রকল্প পরিচালক, সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প (বিপণন অংগ), খামারবাড়ি, ঢাকা।
০৬। কর্মসূচী পরিচালক, বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী, রংপুর।
০৭। কর্মসূচী পরিচালক, ফ্রেশকাট শাকসজি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচী , ঢাকা।
০৮। সহকারী পরিচালক (প্রশাঃ), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

০১। সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
(দৃঃআঃ যুগ্ম-প্রধান, কৃষি মন্ত্রণালয়)।
০২। সিস্টেম এ্যাডমিন (আইসিটি সেল), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)
০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

**বিষয়ঃ ২০১৭-১৮ অর্থ বছরের এডিপিভূক্ত কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচীসমূহের উপর গত ২৮-১২-২০১৭ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা (ডিসেম্বর/২০১৭ পর্যন্ত) সভার কার্যবিবরণীঃ**

সভাপতি : জনাব মোঃ মাহবুব আহমেদ, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর।
স্থান : সভা কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা।
সময় : সকাল ০৯.৩০ ঘটিকা।
তারিখ : ২৮ ডিসেম্বর, ২০১৭ খ্রিঃ।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ : পরিশিষ্ট-'ক' ।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভার কার্যপত্র অনুযায়ী আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

**আলোচনাঃ**

**১। আলোচ্য বিষয়-১:** ২৭-১১-২০১৭ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।

গত ২৭-১১-২০১৭ তারিখে অনুষ্ঠিত অক্টোবর, ২০১৭ সময়ের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হয় এবং কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা নিশ্চিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১.১ | ২৭-১১-২০১৭ তারিখের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো। | উপ-পরিচালক (নীতি ও পরিকল্পনা) |

**২। আলোচ্য বিষয়-২.১:** কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন এডিপিভূক্ত প্রকল্প ও রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতির তথ্য উপস্থাপন কালে সভাকে জানান হয় যে, কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় ২০১৭-১৮ অর্থ বছরে এডিপিতে ০১টি বিনিয়োগ প্রকল্পের অনুকূলে এডিপি ৫৩০.০০ লক্ষ টাকার বিপরীতে ১ম ও ২য় কিস্তি বাবদ মোট ২৬৫.০০ লক্ষ টাকা ছাড় পাওয়া গেছে এবং নভেম্বর/২০১৭ পর্যন্ত সর্বমোট ৮০.৫৬ লক্ষ টাকা অর্থ ব্যয় করা হয়েছে যা মোট বরাদ্দের ১৫.৫৬%। তাছাড়া কৃষি বিপণন অধিদপ্তরের বাস্তবায়িত ০২টি কর্মসূচী এর আওতায় ২০১৭-১৮ অর্থ বছরে মোট ৮৩.৮০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১ম ও ২য় কিস্তি বাবদ ৪১.৯০ লক্ষ টাকা ছাড় করা হয় এবং নভেম্বর/২০১৭ পর্যন্ত সর্বমোট ২১.৯৫ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে যা মোট বরাদ্দের ২৬.১৯%। এডিপি বাস্তবায়নের হার আরও গতিশীল করার লক্ষ্যে প্রকল্প/কর্মসূচি সমূহে ২য় কিস্তি অর্থ ছাড় সংশ্লিষ্ট সকল কার্যক্রম ডিসেম্বর,২০১৭ মাসের মধ্যে সম্পাদনের এবং অগ্রগতি ৫০% হওয়ার জন্য কার্যকরী পদক্ষেপ গ্রহণের বিষয়ে প্রকল্প পরিচালক ও কর্মসূচি পরিচালককে সভায় নির্দেশনা দেয়া হয়।

**২.১** বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি আলোচনাকালে পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন (ডিএএম অংগ) (সমাপ্ত) প্রকল্পের আওতায় সংগৃহীত গাড়ী জরুরী ভিত্তিতে পরিবহন পুলে জমা দিতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার নিমিত্ত কৃষি মন্ত্রণালয়ের সাথে আলোচনার করে দ্রুত পরবর্তী কার্যক্রম গ্রহণ এবং ডিসপ্লে বোর্ডের সকল অসমাপ্ত কাজ সম্পন্ন করে আগামী ১৫ (পনের) দিনের মধ্যে তা চালু করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে সভায় নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া সমাপ্ত প্রকল্পের বছর ওয়ারী সকল অডিট আপত্তি অতিদ্রুত নিস্পত্তি করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে সংশ্লিষ্ট হিসাব রক্ষণ কার্যালয়ে যোগাযোগ করার জন্য সভায় নির্দেশ প্রদান করা হয়।

**২.২: "সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ (বিপণন অংগ)" প্রকল্পের** আওতায় চলমান গোলাপগঞ্জের এসেম্বল সেন্টার নির্মাণ কাজের বিপরীতে এলজিইডিকে আরো ২৫% ফান্ড হস্তান্তর এবং প্রতি মাসে প্রতি জেলায় গঠিত কৃষক বিপণন দল নিয়ে কমপক্ষে ০২টি প্রশিক্ষণ কার্যক্রম আয়োজনের লক্ষ্যে মাঠ কর্মকর্তা ও জেলা বাজার কর্মকর্তাকে সম্পৃক্তকরণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। প্রতিটি প্রশিক্ষণে ৮/১০টি পণ্যের রেসিপি সম্বলিত পুস্তিকা তৈরী করে তা বিতরণের ব্যবস্থা গ্রহণ ও সাইন্স ল্যাবরেটরী হতে কিছু সংখ্যক পণ্যের প্যাটেন্ট সংগ্রহ/ক্রয় করে তা মাঠ পর্যায়ে

উদ্যোক্তা উন্নয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে সভাপতি নির্দেশ প্রদান করেন।এছাড়া প্রশিক্ষণে আদা, রসুন, কাঁচামরিচ ইত্যাদি মসলাজাতীয় পণ্যের প্রক্রিয়াজাতকরণ বিষয় অন্তর্ভূক্ত করতে সভাপতি নির্দেশ প্রদান করেন। প্রকল্পের অফিস কাম ট্রেনিং ও প্রসেসিং সেন্টার নির্মাণ কাজের ভিত্তি প্রস্তর উন্মোচণ করতে কৃষি মন্ত্রণালয়ের স্থায়ী কমিটিকে সার্বিক সহযোগীতা করতে প্রকল্প পরিচালক ও উপ-পরিচালক, সিলেটকে নির্দেশনা প্রদান করা হয়।

**২.৩: "বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাত-করণ ও বিপণন কার্যক্রম কর্মসূচি"** জানুয়ারী,২০১৮ মাসের মধ্যে সকল আলুর ঘর নির্মাণ কাজ সমাপ্ত করতে সভায় পুনরায় নির্দেশনা দেয়া হয়। এছাড়া যে সকল জেলায় ব্যাপক আলু উৎপাদন হয় সে সকল জেলায় আলু হতে রকমারি মিষ্টি প্রস্তুত পূর্বক স্বাচ্ছন্দে বিক্রয়ের নিমিত্ত আলুর মিষ্টির ঘর তৈরীর কাজ শেষ করতে সভায় নির্দেশনা প্রদান করা হয়। কর্মসূচির বরাদ্দ শেষ হলেও এর কার্যক্রম সারাবছর চালু রাখার নিমিত্ত প্রয়োজনীয় উদ্যোগ এখন থেকেই শুরু করতে হবে। এছাড়া এ কর্মসূচির আঙ্গিকে বৃহৎ আকারে একটি নতুন কর্মসূচির প্রস্তাব দিতে হবে। আলুর উৎপাদন মূল্য নির্ধারণ করে এ বিষয়ে প্রতিবেদন এবং বাংলাদেশের অধিক উৎপাদিত আলু নিয়ে অধিদপ্তর এবং সরকারের করণীয় বিষয়ে একটি প্রতিবেদন দিতে গবেষণা শাখা এবং কর্মসূচি পরিচালককে নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া বিভিন্ন জেলার আলুর কোল্ড স্টোর এর ভাড়া পুনঃনির্ধারনের জন্য জেলা বাজার কর্মকর্তাগণ কোল্ড স্টোরে সরাসরি যোগাযোগ করে এ বিষয়ে তাদের মতামত সংগ্রহের জন্য অধিদপ্তরের গবেষণা শাখাকে প্রয়োজনীয় উদ্যোগ নিতে সভায় নির্দেশনা প্রদান করা হয়।

**২.৪ : ফ্রেশকাট শাকসব্জি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচির** কার্যক্রম ০১ (এক) বছর অতিবাহিত হওয়ার পরও এর কার্যক্রম আশানুরূপ ভাবে লক্ষ্য করা যাচ্ছেনা তাই কর্মসূচিকে আরো গতিশীল করার লক্ষ্যে জানুয়ারি/২০১৮ মাসের মধ্যে প্রশিক্ষণের কার্যক্রম সমাপ্ত করাসহ আগামী শীত মৌসুমে কর্মসূচির আওতায় সংগৃহীত ভ্যান গুলোর মাধ্যমে পণ্য সামগ্রি বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে সভায় নির্দেশ প্রদান করা হয়। এছাড়া জানুয়ারি/২০১৮ মাসের মধ্যে বিভাগীয় শহরের বিভিন্ন সুপারশপের সাথে চুক্তি সম্পন্ন করে ফ্রেসকার্ট কর্মসূচির উদ্যোক্তাগণ কর্তৃক উৎপাদিত পণ্য সামগ্রি বিক্রির ব্যবস্থা গ্রহণের নিমিত্ত কর্মসূচি হতে সংশ্লিষ্টদের পত্র প্রদানের জন্য সভায় পুনরায় নির্দেশনা প্রদান করা হয় ।

**৩: দরপত্রের অগ্রগতি বিষয়ে আলোচনাঃ** ২০১৭-১৮ অর্থ বছরেরকর্ম ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী প্রকল্প/কর্মসূচি সমূহের দরপত্রের আহবান এবং কার্যাদেশ প্রদানের অগ্রগতি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সকল দরপত্রের কার্যক্রম ৩০ ডিসেম্বর/২০১৭ মধ্যে শেষ করতে সভায় পুনরায় নির্দেশনা প্রদান করা হয় । এ সময়ের মধ্যে কোন দরপত্র আহবান বা কার্যাদেশ প্রদানে ব্যর্থ হলে তার যৌক্তিকতা কৃষি বিপণন অধিদপ্তর ও কৃষি মন্ত্রণালয়কে লিখিতভাবে জানানোর জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।

**৪-বিবিধঃ** অধিদপ্তরের বিভিন্ন আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রে বিদ্যমান অতি পুরাতন মেশিনারী গুলো ডিসপোজালের জন্য গঠিত কমিটি কার্যকর ব্যবস্থা গ্রহণ পূর্বক অতিদ্রুত মতামতসহ সদর দপ্তরে প্রেরণের জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়। জেলা অনুষ্ঠিব্য উন্নয়ন মেলায় সকল জেলা অংশ গ্রহণ করে অধিদপ্তরের দৃশ্যমান কাজগুলো ফ্রেস ব্যানারে করে দেখানের উদ্যোগ গ্রহণ করতে হবে। এছাড়া আলুর বহুমূখী ব্যবহার ও ফ্রেশ কার্ট শাকসবজি এর ডিসপ্লে করতে বিভাগীয় উপ-পরিচালকগণ প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে সভায় নির্দেশনা প্রদান করা হয়। ডিপিপি অনুযায়ী সমাপ্ত প্রকল্পের আওতায় সংগৃহীত সকল মালামাল প্রধান কার্যালয়ের নির্দেশনা অনুযায়ী স্ব-স্ব জেলায় বন্টন করা হয়েছে কিনা তা ইতোপূর্বের গঠিত কমিটি কর্তৃক যাচাই করে প্রতিবেদন প্রেরণ করতে সভায় পুনরায় নির্দেশনা প্রদান করা হয়। কৃষি মন্ত্রণালয়ের গত ১৭/১২/২০১৭ তারিখে অনুষ্ঠিত বাজেট ওয়ার্কিং গ্রুপের সভার আলোচনার প্রেক্ষিতে মধ্যমেয়াদী বাজেট কাঠামোর প্রথম ভাগের ২.০ নং ক্রমিকের ৪ নং উপ-অনুচ্ছেদে মধ্যমেয়াদী কৌশলগত উদ্দেশ্য ও কার্যক্রমসমূহ "কৃষিজাত পণ্যের বিপণন সুবিধা সম্প্রসারণের লক্ষ্যে সংশ্লিষ্ট সরকারী ও বেসরকারি দপ্তর/প্রতিষ্ঠানের সমন্বয় সাধন" করার নিমিত্ত কৃষি বিপণন অধিদপ্তরকে উদ্যোগ গ্রহনের নির্দেশনা প্রদান করা হয়। উক্ত নির্দেশনার প্রেক্ষিতে অধিদপ্তর হতে কি কি কার্যক্রম গ্রহণ করা হয়েছে ত্রৈমাসিক ভিত্তিতে তার প্রতিবেদন প্রেরণ করার জন্য অধিদপ্তরের বাজার সংযোগ শাখাকে নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া প্রকল্প পরিচালক/কর্মসূচি পরিচালকগণের সভার কার্যবিবরণী অনুযায়ী সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন

এবং পরবর্তী সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য নতুন কোন আলোচ্য বিষয় থাকলে তা লিখিত ভাবে মহাপরিচালক বরাবর অবশ্যই নির্ধারিত তারিখের মধ্যে প্রেরণ করার জন্য সভায় পুনরায় নির্দেশনা প্রদান করা হয়।

**৫: সভার সিদ্ধান্তসমূহঃ**

এডিপি বাস্তবায়নের হার আরও গতিশীল করার নিমিত্ত প্রকল্প/কর্মসূচি সংশ্লিষ্ট সকল কার্যক্রম দ্রুত সময়ের মধ্যে সম্পাদনের জন্য বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | সিদ্ধান্ত সমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| **৫.১** | (ক) পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন (ডিএএম অংগ) (সমাপ্ত) প্রকল্পের আওতায় নির্মিত ডিসপ্লে বোর্ডের সকল অসমাপ্ত কাজ সম্পন্ন করে আগামী ১৫ (পনের) দিনের মধ্যে তা চালু করতে হবে।<br>(খ) প্রকল্পের বছর ওয়ারী সকল অডিট আপত্তি অতিদ্রুত নিষ্পত্তি করার উদ্যোগ গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক<br>পিজিবিআইএডিপি (ডিএএম অংগ)(সমাপ্ত) |
| **৫.২** | সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ (বিপণন অংগ) প্রকল্পের অধীনে গোলাপগঞ্জের এসেম্বল সেন্টার নির্মাণ কাজের বিপরীতে আরো ২৫% ফান্ড এলজিইডিকে হস্তান্তর করতে হবে। | প্রকল্প পরিচালক,<br>আইসিআইএসআরপি (ডিএএম অংগ) |
| **৫.৩** | (ক) প্রতিটি প্রশিক্ষণে ৮/১০টি পণ্যের রেসিপি সম্বলিত পুস্তিকা তৈরী করে তা বিতরণের ব্যবস্থা গ্রহণ ও সাইন্স ল্যাবরেটরী কর্তৃক উদ্ভাবিত প্রক্রিয়াজাতকরণ সংক্রান্ত কিছু সংখ্যক প্যাটেন্ট সংগ্রহ/ক্রয় করে তা মাঠ পর্যায়ে সম্প্রসারণ ও উদ্যোক্তা উন্নয়নের কাজে ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) আদা, রসুন, কাঁচামরিচ ইত্যাদি মসলাজাতীয় পণ্যের প্রক্রিয়াজাতকরণ কৌশল প্রশিক্ষণে অন্তর্ভূক্ত করতে হবে। | প্রকল্প পরিচালক,<br>আইসিআইএসআরপি (ডিএএম অংগ) |
| **৫.৪** | (ক) আগামী জানুয়ারী/২০১৮ মাসের মধ্যে সকল আলুর ঘর নির্মাণ কাজ সমাপ্ত করতে হবে। এছাড়া যে সকল জেলায় ব্যাপক আলু উৎপাদন হয় সে সকল জেলায় আলু হতে রকমারি মিষ্টি প্রস্তুত পূর্বক স্বাচ্ছন্দে বিক্রয়ের নিমিত্ত আলুর মিষ্টির ঘর তৈরী করতে হবে।<br>(খ) কর্মসূচির বরাদ্দ শেষ হলেও এর কার্যক্রম সারাবছর চালু রাখার নিমিত্ত প্রয়োজনীয় উদ্যোগ এবং এ কর্মসূচির আঙ্গিকে বৃহৎ আকারে একটি নতুন কর্মসূচি প্রণয়নের উদ্যোগ গ্রহণ করতে হবে। | কর্মসূচী পরিচালক<br>বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী |
| **৫.৫** | (ক) আলুর উৎপাদন মূল্য নির্ধারণ এবং বাংলাদেশের অধিক উৎপাদিত আলু নিয়ে অধিদপ্তর এবং সরকারের করণীয় বিষয়ে একটি প্রতিবেদন পেশ করতে হবে।<br>(খ) বিভিন্ন জেলার আলুর কোল্ড স্টোর এর ভাড়া পুনঃনির্ধারনের জন্য জেলা বাজার কর্মকর্তাগণ জেলা কোল্ড স্টোরের সমিতির সাথে যোগাযোগ করে যৌক্তিকহারে ভাড়া নির্ধারণ এবং তা বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে। | উপ-পরিচালক,গবেষণা শাখা<br>ও<br>কর্মসূচী পরিচালক<br>বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী |
| **৫.৬** | জানুয়ারি/২০১৮ মাসের মধ্যে প্রশিক্ষণের কার্যক্রম সমাপ্ত করাসহ আগামী শীত মৌসুমে কর্মসূচির আওতায় সংগৃহীত ভ্যান গুলোর মাধ্যমে পণ্য সামগ্রি বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | কর্মসূচী পরিচালক<br>ফ্রেশকাট শাকসজি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচী |

| | | |
|---|---|---|
| **৫.৭** | জানুয়ারি/২০১৮ মাসের মধ্যে বিভাগীয় শহরের বিভিন্ন সুপারশপের সাথে চুক্তি সম্পন্ন করে ফ্রেসকাট কর্মসূচির উদ্যোক্তাগণ কর্তৃক উৎপাদিত পণ্য সামগ্রি বিক্রির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | কর্মসূচী পরিচালক ফ্রেশকাট শাকসজি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচী |
| **৫.৮** | অধিদপ্তরের আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রে বিদ্যমান পুরাতন মেশিনারী গুলো অতি দ্রুত ডিসপোজাল করতে হবে। | আহবায়ক আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রের জন্য গঠিত ডিসপোজাল কমিটি। |
| **৫.৯** | জেলায় অনুষ্ঠিতব্য উন্নয়ন মেলায় অধিদপ্তরের সকল জেলা কার্যালয় অংশ গ্রহণ করে দৃশ্যমান কাজগুলো ক্রস ব্যানারে ডিসপ্লে করতে হবে। তাছাড়া আলুর বহুমূখী ব্যবহার ও ফ্রেশ কাট শাকসবজি এর পরিচিতি বাড়াতে ডিসপ্লে করতে হবে। | সকল বিভাগীয় উপ-পরিচালক |
| **৫.১০** | বাজেট বইয়ে উল্লিখিত "কৃষিজাত পণ্যের বিপণন সুবিধা সম্প্রসারণের লক্ষ্যে সংশ্লিষ্ট সরকারী ও বেসরকারি দপ্তর/প্রতিষ্ঠানের সমন্বয় সাধন" এর জন্য ত্রৈমাসিক ভিত্তিতে কৃষি মন্ত্রণালয়ে সভা আহবানে সার্বিক সহযোগীতা করবে কৃষি বিপণন অধিদপ্তর। | উপ-পরিচালক (বাজার সংযোগ) |

৬। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মাহবুব আহমেদ)
মহাপরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর